**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**3 September 2026** **7:35 AM IST**

==========================================================================

আসাম সরকার পুলিশ বিভাগে ১৫ থেকে ২০ হাজার নতুন নিযুক্তি দেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা ঘোষণা করেছেন । গোলাঘাট জেলার দেরগাওয়ের লাচিত বরফুকন পুলিশ একাডেমীতে দুদিনব্যাপী কার্যসূচির মাধ্যমে অনুষ্ঠিত প্রবীন পুলিশ সুপারেনটেনডেন্ট সম্মিলনের গতকাল মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা একথা জানান ।

( বাইট )

মুখ্যমন্ত্রী নতুন করে নিযুক্তি লাভ করা আসাম পুলিশের ৩২ জন সাব - ইন্সপেক্টর এবং ৩শো ৭১ জন কনষ্টেবলকে আধুনিক নিরাপত্তা সামগ্রী এবং সাইবার নিরাপত্তা সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করা হবে বলে জানিয়েছেন । মূখ্যমন্ত্রী রাজ্যে বহু বিবাহ এবং বাল্য বিবাহের বিরুদ্ধে পর্যায়ক্রমে অভিযান অব্যাহত রাখতে পুলিশ সুপারদের প্রতি আহ্বান জানান

..........................................................................................

শিলচর পৌর নিগম নির্বাচনে মনোনয়ন পত্র জমা করার শেষ দিন আগামী ১১ সেপ্টেম্বর । আগামী ১৪ সেপ্টেম্বর মনোনয়ন পত্র পরীক্ষা করা হবে ) মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ দিন ১৭ সেপ্টেম্বর । সেদিনই

প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে। ভোট গ্রহনের দিনে কোন প্রকার অনিয়ম হলে প্রয়োজন অনুসারে আগামী ৫ অক্টোবর পুনরায় ভট গ্রহন করা হবে। উল্লেখ্য শিলচর পৌর নিগমের নির্বাচন আগামী তেসরা অক্টোবর অনুষ্ঠিত হবে, এবং আগামী ৬ অক্টোবর সকাল আটটা থেকে ভট গননা আরম্ভ হবে।

........................................................................................................

'এদিকে শিলচর পৌর নিগমের অর্ন্তভুক্ত অঞ্চলসমূহে তাৎক্ষণিকভাবে আদর্শ আচরণ বিধি বলবৎ করা হয়েছে । কমিশন নির্দেশ দিয়েছে যে- স্থিরভাবে স্থাপন করা অথবা চলন্ত বাহনে লাগানো লাউড স্পিকার দিয়ে রাত দশটা থেকে সকাল ছ'টা পর্যন্ত ব্যবহার করা যাবে না । আগামী পয়লা অক্টোবর বিকেল সাড়ে চারটা থেকে তেসরা অক্টোবর বিকেল সাড়ে চারটা পর্যন্ত সাইলেন্স পিরিয়ড অব্যাহত থাকবে । আসাম রাজ্য নির্বাচন কমিশন শিলচর পৌর নিগম নির্বাচন সুষ্ঠু, নিরপেক্ষ ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য সকল রাজনৈতিক দল, প্রার্থী ও ভোটদাতাদের সহযোগিতা করার আহ্বান জানিয়েছে ।

........................................................................................................

উত্তর-পূর্ব সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে লামডিং-বদরপুর পাহাড় লাইন সেকশনের হারাঙ্গাজায় ষ্টেশনের পার্শবর্তী এলাকায় রেল লাইন মেরামতীর কাজ অব্যাহত থাকায় শিলচর - গৌহাটি এক্সপ্রেস ট্রেনটির যাত্রা আজ ও আগামীকাল যাত্রা বাতিল করা হয়েছে ।

এছাড়াও , নারেঙ্গী - আগরতলা এবং শিলচর - তিরোওনান্তপুরাম সেন্ট্রাল এক্সপ্রেস ট্রেনের যাত্রার সময়সূচির কিছুটা পরিবর্তন করা হয়েছে ।

........................................................................................................

কাছাড় পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে শিলচরে বিশেষ অভিযান চালিয়ে চুরি কান্ডের সঙ্গে যুক্ত থাকার অভিযোগে দু জন ব্যাক্তিকে আটক করেছে । ধৃত ব্যাক্তিরা হচ্ছে রাহুল সরকার ও আরিফ উদ্দিন লস্কর । অভিযানে পুলিশ ধৃতদের কাছ থেকে ১৪টি মোবাইল সেট , পাঁচটি সোনার কানের দোল , পাঁচটি আংটি এবং একটি ই-রিক্সার চার্জার উদ্ধার করে ।
এ বিষয়ে অতিরিক্ত পুলিশ সুপার মানস শইকিয়া আমাদের সংবাদদাতাকে জানিয়েছেন------

বাইট

.........................................................................................................

রাজ্য সরকারের অর্থনীতি ও পরিসংখ্যান বিভাগের নির্দেশনায় জেলা ও মহকুমা স্তরের কার্যলয়গুলির মাধ্যমে রাজ্যে প্রথমবারের মতো অনিবন্ধিত প্রতিষ্ঠানগুলির বার্ষিক সার্ভে পরিচালনা করা হবে । শ্রীভূমি জেলায় সার্ভে পরিচালনা করার জন্য জেলার ৮০টি গ্রাম ও পৌরসভাগুলির কয়েকটি ওয়ের্ডে অর্থ ও পরিসংখ্যান কার্য্যলয়ের গননাকারী ও পর্যবেক্ষকরা পর্য্যবেক্ষন করবেন ।

.........................................................................................................

ধলাই মাতৃভূমি কাপ প্রাইজামানী নক আউট ফুটবল প্রতিযোগীতার সেমি-ফাইনালে প্রবেশ করলো জামালপুর এফ সি । প্রতিযোগীতার আজকের দ্বিতীয় কোয়াটার ফাইনালের খেলায় লকেল এফ সি সপ্তগ্রাম এবং ডাইবর্লাং এফ সি জামিরখাল পরস্পরের মূখোমূখী হবে ।

ধলাই বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমূখী বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের খেলায় জামালপুর এফ সি ১-০

গোলে আয়ান এফ সি লোকনাথপুর দলকে পরাজিত করে । গতকালের খেলায় জয় সূচক গোলটি করেন ডেভিড ।